# হোম অ্যাপ্লায়েন্সে ঈদুল আজহা অফার

আশফাক আহমেদ

ঈদের আগে বাড়ে প্রযুক্তি পণ্যের চাহিদা। ঈদুল আজহা বা কোরবানির ঈদে বিশেষ করে হোম অ্যাপ্লায়েন্সের চাহিদা বেশি থাকে। ইলেকট্রনিক্স ও হোম অ্যাপ্লায়েন্স পণ্যের মধ্যে সবচেয়ে বেশি বাড়ে ফ্রিজের চাহিদা। কারণ, সাধারণ প্রয়োজনের পাশাপাশি কোরবানির মাংস সংরক্ষণের জন্য ফ্রিজ কেনেন ক্রেতারা। গরমের কারণে ফ্যান, এয়ার কন্ডিশনার, এছাড়া এলইডি টিভি, ওয়াশিং মেশিন, মাইক্রোওয়েভ ওভেনসহ অন্যান্য হোম অ্যাপ্লায়েন্স কিনতে অন্য সময়ের চেয়ে বেশি আগ্রহী হয়ে ওঠে মানুষ। তাই ভোক্তা চাহিদার কথা মাথায় রেখে আধুনিক ও নতুন মডেলের পণ্য বাজারে আনে বিভিন্ন প্রযুক্তি প্রতিষ্ঠান। পাশপাশি ক্রেতাদের আকর্ষণ ও পণ্যের বিক্রি বাড়াতে থাকে ডিসকাউন্ট ও অফারের ছড়াছড়ি। এবারও ব্যতিক্রম নয়।

## ওয়ালটনের নতুন পণ্য ও মিলিয়নিয়ার অফার

দেশের অন্যতম প্রযুক্তিপণ্য নির্মাতা প্রতিষ্ঠান ওয়ালটন। এবারের ঈদুল আজহা উপলক্ষ্যে কাজারে এনেছে আধুনিক প্রযুক্তি ও ফিচারের বিদ্যুৎ সাশ্রয়ী নতুন মডেলের পণ্য। এরমধ্যে রয়েছে, ইনভার্টার প্রযুক্তির মাল্টি-কালার ডিজাইনের সাইড বাই সাইড রেফ্রিজারেটর, ইউরোপিয়ান ডিজাইনের কম্বি মডেলের রেফ্রিজারেটর, ভার্টিকাল ফ্রিজার, চকোলেট কুলারসহ মোট ৭টি মডেলের ফ্রিজ। ওয়ালটনের নতুন মডেলের ফ্রিজের মধ্যে রয়েছে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স অব থিংস বেজড ৬৪৬ লিটার ধারণ ক্ষমতার সাইড বাই সাইড গ্লাস ডোর রেফ্রিজারেটর, ৩৪৩ লিটারের ইউরোপিয়ান ডিজাইনের কম্বি মডেলের রেফ্রিজারেটর, ৩৩৪ লিটারের ভার্টিকাল ফ্রিজার। এসব ফ্রিজে রয়েছে ইন্টেলিজেন্ট জার্ম টার্মিনেটর (আইজিটি), স্মার্ট কন্ট্রোল, ডোর ওপেনিং অ্যালার্ম, চাইল্ড লক, থ্রি লেয়ার ওডোর গার্ড ও হিউম্যান ডিটেক্টর। স্মার্ট কন্ট্রোল ফিচার থাকায় ফ্রিজের দরজা না খুলেই হাতের স্পর্শের মাধ্যমেই ফ্রিজ নিয়ন্ত্রণ করা যায়।

নতুন মডেলের এসির মধ্যে রয়েছে ১ ও ১.৫ টনের সোলার হাইব্রিড স্প্লিট টাইপ এসি। ওয়ালটনের নতুন এসি সুপার সেভিং মডেলের। এই এসি দিনের বেলায় সোলার পাওয়ারের মাধ্যমে চলবে। যদি সোলার পাওয়ার কম থাকে, তখন সোলার পাওয়ার থেকে আগে বিদ্যুৎ নিয়ে তারপর প্রয়োজন অনুযায়ী বৈদ্যুতিক লাইনের মাধ্যমে হাইব্রিড পদ্ধতিতে চলবে এই এসি। এতে বিদ্যুৎ খরচ হবে অনেক কম। এছাড়া রাতের বেলায় সোলার পাওয়ার ব্যাটারির মাধ্যমে বা বৈদ্যুতিক লাইনেও চলবে এটি। এতে আরো ব্যবহার করা হয়েছে মরিচা প্রতিরোধক কোটেক ইন্ডাস্ট্রিয়াল সলিউশন প্রযুক্তি। এই এসির কম্প্রেসারে ব্যবহার করা হয়েছে সিএফসি এবং এইচসিএফসি গ্যাসমুক্ত সম্পূর্ণ পরিবেশবান্ধব আর৩২ রেফ্রিজারেন্ট।

ইনভার্টার প্রযুক্তির বিদ্যুৎ সাশ্রয়ী ১.৫ টন থেকে শুরু করে ৫ টনের সিলিং টাইপ এবং ক্যাসেট টাইপের নতুন মডেলের ইনভার্ট্রনিক্স সিরিজের লাইট কমার্শিয়াল এসি উন্মোচন করেছে ওয়ালটন। বাংলাদেশের ক্রমবর্ধমান তাপমাত্রার আলোকে ওয়ালটনের এই লাইট কমার্শিয়াল এসিগুলো ডিজাইন করা হয়েছে। এসব এসি ৫৫ ডিগ্রি তাপমাত্রা পর্যন্ত ফাংশনাল থাকবে। ইন্ডাস্ট্রিয়াল কাস্টমারদের কথা বিবেচনা করে মরিচা প্রতিরোধক ফিচার যুক্ত করা হয়েছে। এছাড়া, ৬৫ ইঞ্চির ওএলইডি টিভি, ওয়াশিং মেশিন ও বিএলডিসি ফ্যান। নতুন মডেলের এসব পণ্যে বিদ্যুৎ সাশ্রয়ী ইনভার্টার প্রযুক্তিসহ ইন্টারনেট অব থিংস (আইওটি) বেজড স্মার্ট ফিচার সংযোজন করা হয়েছে।

ওয়ালটন বাজারে এনেছে ৬৫-ইঞ্চির আল্ট্রা স্লিম ডিজাইনের ওএলইডি টিভি। গ্রাহকরা নিজের ভিউং অ্যাংগেল অনুযায়ী ইচ্ছামতো ঘুরিয়ে নিতে পারবেন ওয়ালটনের নতুন মডেলের এই টিভি। এতে রয়েছে হ্যান্ডস ফ্রি ভয়েস কমান্ড সুবিধা। আছে ৩ জিবি র‌্যাম এবং ৩২ জিবি রম। এছাড়াও রয়েছে ১২০ হার্টজ রিফ্রেশ রেট, গেমিং মুড, এমইএমসি, ডলবি এটমস ও ডলবি ভিশন সাউন্ড সিস্টেম।

ঈদকে সামনে রেখে ওয়ালটন আরো বাজারে এনেছে নতুন মডেলের ওয়াশিং মেশিন। এতে ব্যবহার করা হয়েছে বিএলডিসি ইনভার্টার মোটর। এই ওয়াশিং মেশিনে কাপড় ওয়াশ করার সময় যদি লোডশেডিং হয়, বিদ্যুৎ আসার পর সর্বশেষ অবস্থা থেকে ওয়াশের কাজ সম্পন্ন করে। পানির হিটিং লেভেল নির্দিষ্ট মাত্রায় পৌঁছালে হিটার স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে। ওয়াশিং মেশিন চালানোর সময় কোনো ধরনের সমস্যা দেখা দিলে স্বয়ংক্রিয়ভাবে ডিসপ্লেতে এরোর কোড দেখা যাবে।

ওয়ালটন ঈদ কার্নিভালে বাজারে এসেছে নতুন মডেলের বিএলডিসি প্রযুক্তির সিলিং ফ্যান। বাজারের নরমাল ফ্যানগুলো হয় ৯০ থেকে ১০০ ওয়াটের। আর ওয়ালটনের বিএলডিসি প্রযুক্তির ফ্যান মাত্র ৩৫ ওয়াটের। ফলে ওয়ালটনের এই ফ্যানে বিদ্যুৎ সাশ্রয় হয় প্রায় ৬৫ শতাংশ। ওয়ালটনের বিএলডিসি ফ্যান রিমোট কন্ট্রোলের মাধ্যমে সহজেই চালাতে পারবেন গ্রাহক।

'সেরা পণ্যে সেরা অফার' স্লোগানে চলতি বছরের ১ মার্চ দেশব্যাপী শুরু হয় ওয়ালটনের ডিজিটাল ক্যাম্পেইন। এর আওতায় ওয়ালটন ফ্রিজ, টিভি, এয়ার কন্ডিশনার বা এসি, ওয়াশিং মেশিন ও ফ্যানের ক্রেতাদের দেওয়া হয় 'ননস্টপ মিলিয়নিয়ার' হওয়ার সুযোগ। এরইমধ্যে ডিজিটাল ক্যাম্পেইনের মাধ্যমে অনেক ক্রেতা মিলিয়নিয়ার হয়েছেন।



ওয়ালটনের এ ক্যাম্পেইন সারা দেশে গ্রাহক পর্যায়ে ব্যাপক সাড়া ফেলায় ঈদুল আজহা ঘিরে এর সময় ৩০ জুন পর্যন্ত বাড়ানো হয়।




গ্রাহকদের হাতে উচ্চ গুণগতমানের পণ্য তুলে দেওয়ার পাশাপাশি সর্বোচ্চ ক্রেতা সুবিধা দেয়ার বিষয়ে বিশেষ গুরুত্ব দিচ্ছে ওয়ালটন। এরই প্রেক্ষিতে ঈদে ওয়ালটন ফ্রিজ, টিভি, এসি, ওয়াশিং মেশিন ও ফ্যানের ক্রেতাদের মিলিয়নিয়ার হওয়ার সুযোগ দিচ্ছে ওয়ালটন।

## মিনিস্টারের ফ্রিজ ক্রয়ে কোরবানির গরু জেতার সুযোগ

এবারের কোরবানির ঈদে মিনিস্টারের ফ্রিজ কিনলে আরেকটি ফ্রিজ ফ্রি, নগদ মূল্যছাড়সহ গরু জেতার সুযোগ রয়েছে। এছাড়াও রয়েছে আকর্ষণীয় নানা উপহার। মিনিস্টারের ফ্রিজে দেয়া হচ্ছে ১২ বছরের কম্প্রেসার গ্যারান্টি। এতে রয়েছে বিল্ট ইন ভোল্টেজ স্ট্যাবিলাইজার। ব্যবহার করা হয়েছে পরিবেশবান্ধব গ্যাস আর৬০০এ। ২০১৭ সাল থেকে এসি উৎপাদন করে আসছে প্রযুক্তি পণ্য নির্মাতা প্রতিষ্ঠানটি। ইনভার্টার এবং নন-ইনভার্টার মিলে ১৮টি মডেলেরও বেশি এসি রয়েছে মিনিস্টারের। প্রতিষ্ঠানটির ইনভার্টার এসিতেও রয়েছে ১২ বছরের গ্যারান্টি। এসিতে আছে, ডুয়াল স্মার্ট ইনভার্টার টেকনোলজি, ফাস্ট কুলিং সিস্টেম, সেল্ফ ক্লিনিং সিস্টেম ও অ্যান্টি ব্যাকটেরিয়াল ফিল্টার। এছাড়া, ব্যবহার করা হয়েছে পরিবেশ বান্ধব গ্যাস আর৪১০এ। মিনিস্টারের দাবি, তাদের ফ্রিজ ও এসিগুলো পরিবেশবান্ধব ও বিদ্যুৎ সাশ্রয়ী। এসি কেনার ক্ষেত্রে রয়েছে মাসিক কিস্তির সুবিধা।

মিনিস্টারের ফ্যানে দেওয়া হচ্ছে ৭ বছরের গ্যারান্টি। ফ্যানে ব্যবহার করা হয়েছে অ্যালুমিনিয়াম ব্লেড, দীর্ঘস্থায়ী মোটর, ৯৯.৯৯% কপার তার। মিনিস্টারের দাবি, ফ্যানগুলো শব্দহীন পারফরমেন্স দিবে এবং এগুলোর বডি মরিচারোধক ও শক্তিশালী। মিনিস্টারের ফ্যানের সাথে থাকছে ইলেকট্রিক কেটলি ফ্রি। মিনিস্টারের আধুনিক মডেলের গুগল টিভিতে দেওয়া হচ্ছে ১০ বছরের সার্ভিস ওয়ারেন্টি ও ৫ বছরের প্যানেল গ্যারান্টি। ফোরকে রেজুলেশনের ভয়েস কন্ট্রোল অ্যান্ড্রয়েড টিভিতে রয়েছে ডলবি ডিজিটাল সাউন্ড সিস্টেম। ক্রেতাদের জন্য সহজ কিস্তি সুবিধা দিচ্ছে প্রতিষ্ঠানটি।

## স্যামসাং-এর বোনাসের উপর বোনাস অফার

কোরবানির ঈদ উপলক্ষ্যে চলছে স্যামসাং-এর বোনাসের উপর বোনাস অফার। অর্থাৎ স্যামসাং-এর বোনাসের সাথে যোগ করা হয়েছে ঈদের বোনাস অফার। স্যামসাং-এর পণ্যে থাকছে ৬০ হাজার পর্যন্ত ক্যাশব্যাক বোনাস। আছে ৩৬ মাস পর্যন্ত ইএমআই ও কিস্তির সুবিধা। অফারে ৩৫ হাজার ৯০০ টাকা থেকে ৭৮ হাজার ৯০০ টাকায় মিলছে আধুনিক প্রযুক্তি সম্বলিত স্যামসাং-এর নানা মডেলের ওয়াশিং মেশিন। সাড়ে সাত কেজি থেকে ১০ কেজির ওয়াশিং মেশিনগুলোর ডিজিটাল ইনভার্টার মোটরে দেয়া হচ্ছে ২০ বছরের ওয়ারেন্টি। স্যামসাং-এর ২০ থেকে ৩৫ লিটারের বিভিন্ন মডেলের মাইক্রোওয়েভ ওভেনেও চলছে ৯০০ থেকে ২,৪০০ টাকার ক্যাশব্যাক বোনাস অফার।

স্যামসাং-এর ১ থেকে ২ টনের বিভিন্ন মডেলের এসি বিক্রি করা হচ্ছে অফার মূল্যে। মডেল ভেদে প্রতি এসিতে রয়েছে ৬ হাজার থেকে ৮ হাজার টাকা পর্যন্ত ক্যাশব্যাক বোনাস।

ক্রেতাদের রুচি ও চাহিদার কথা মাথায় রেখে আকর্ষণীয় ডিজাইন ও অত্যাধুনিক প্রযুক্তিসংবলিত বিভিন্ন পণ্য বাজারে এনেছে প্রতিষ্ঠানগুলো। এবার গরমে এসির চাহিদা বেড়েছে প্রায় ৪৫ থেকে ৫০ শতাংশ। তীব্র দাবদাহে স্বস্তি পেতে মানুষের মধ্যে এসি কেনার আগ্রহ বেড়েছে। দেশে পাঁচ হাজার কোটি টাকারও বেশি এসির বাজার রয়েছে। ভালো দিক হলো, এসির বাজারে দেশীয় ইলেকট্রনিকসের আধিপত্যই বেশি। এসির বাজারে দেশীয় ইলেকট্রনিকস কোম্পানিগুলো মোট বাজারের প্রায় ৭০ শতাংশ দখল করে আছে।

